

১। প্রতিটি বিষয়ে সপ্তাহে ২ দিন ২.৩০ ঘন্টা করে প্রশিক্ষণ প্রদান করা হয়।

(ক) সংগীত ১ম বর্ষ রবিবার ও সোমবার বিকাল ৩টা থেকে ৫.৩০টা পর্যন্ত। সংগীত (২য় বর্ষ হতে ৪র্থ বর্ষ), নৃত্য, তবলা, কী বোর্ড, কম্পিউটার বিষয়ের ক্লাস সমূহ প্রতি বৃহস্পতিবার ও শুক্রবার বিকেল ৩.০০ টা থেকে ৫.০০ টা পর্যন্ত।

(খ) চিত্রাংকন, আবৃত্তি, গীটার, কম্পিউটার বিষয়ের ক্লাসসমূহ প্রতি শুক্রবার, সকাল ৯.০০টা থেকে ১১.৩০ টা পর্যন্ত ও প্রতি শনিবার বিকেল ৩.০০ টা হতে ৫.৩০ টা পর্যন্ত।

(গ) নাট্যকলা বিষয়ে প্রতি বৃহস্পতিবার ও শুক্রবার বিকাল ৩.০০টা থেকে ৫.৩০ টা পর্যন্ত।

(ঘ) শীতকালীন ও রমজান মাসে প্রশিক্ষণ ক্লাসের সময়সূচি পরিবর্তন করা হয়। পরিবর্তিত সময়সূচি নোটিশের মাধ্যমে যথা সময়ে জানিয়ে দেয়া হয়।

২। প্রশিক্ষণ কোর্সে ভর্তির দুই সপ্তাহের মধ্যে একাডেমীর নির্ধারিত পোশাক তৈরি করতে হবে।

৩। শিশুদের নিয়মিত ক্লাসে উপস্থিত থাকতে হবে। কোনো কারণে ক্লাসে আসতে না পারলে অভিভাবক উপযুক্ত প্রমাণ প্রদর্শন পূর্বক জেলা শিশু বিষয়ক কর্মকর্তা বরাবরে আবেদন পেশ করতে হবে। কারণ দর্শানো ছাড়া একমাস পর্যন্ত ক্লাসে অনুপস্থিত থাকলে কর্তৃপক্ষ উক্ত শিশুর ভর্তি বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন। এছাড়াও ক্লাসে আসতে দেরি হলে সুনির্দিষ্ট কারণ দর্শানো সাপেক্ষে প্রশিক্ষকের অনুমতি নিয়ে ক্লাসে প্রবেশ করতে হবে।

৪। প্রশিক্ষণ ক্লাস বা পরীক্ষা সংক্রান্ত কোনো জটিলতা সৃষ্টি হলে ক্লাস ছুটির পর অভিভাবকগণ সংশ্লিষ্ট প্রশিক্ষকের সাথে যোগাযোগ করবেন। যদি সংশ্লিষ্ট প্রশিক্ষক সমাধান করতে না পারেন সেক্ষেত্রে একাডেমী কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করবেন।

৫। ক্লাসে ৮০% কম উপস্থিতি শিশুদের পরীক্ষায় অংশগ্রহণে সুযোগ দেয়া হবে না এবং পরীক্ষায় অনুত্তীর্ণ হলে অথবা পরীক্ষায় অনুপস্থিত থাকলে পুনরায় ভর্তি ফি জমা দিয়ে ভর্তি হতে হবে।

৬। ক্লাস ও পরীক্ষা চলাকালীন সময়ে অভিভাবকের শ্রেণি কিংবা বারান্দায় অবস্থান সম্পূর্ণভাবে নিষিদ্ধ।

৭। প্রশিক্ষণ ক্লাসের পূর্বে ও পরে শিশুর সকল প্রকার দায়-দায়িত্ব অভিভাবকের।

৮। জাতীয়, আন্তর্জাতিক, ধর্মীয় অনুষ্ঠান বা বিশেষ যে কোনোদিনে প্রয়োজন বোধে স্বল্প সময়ের নোটিশের মাধ্যমে প্রশিক্ষণ ক্লাস বন্ধের ঘোষণা দেয়া হবে। এজন্য সবসময় অভিভাবকগণ নোটিশ বোর্ড দেখবেন এবং যে কোনো অনুষ্ঠানে শিশুদের উপস্থিত থাকা বাধ্যতামূলক।

৯। ২য়, ৩য় ও ৪র্থ বর্ষে উত্তীর্ণ শিশুদের নির্ধারিত সময়ে ভর্তি হতে হবে। কর্তৃপক্ষের নির্ধারিত তারিখের মধ্যে ভর্তি করাতে ব্যর্থ হলে দায়িত্ব কর্তৃপক্ষ বহন করবে না।

১০। যথাযথ রশিদ ব্যতিত একাডেমীতে কাউকে টাকা দিলে তার দায়-দায়িত্ব একাডেমী কর্তৃপক্ষ বহন করবে না।

১৮। পরীক্ষা সংক্রান্ত নিয়মাবলী :

(ক) ষান্মাসিক পরীক্ষা জুলাই মাসের ২য় সপ্তাহ থেকে অনুষ্ঠিত হবে।

(খ) বার্ষিক পরীক্ষা ডিসেম্বর মাসের ২য় সপ্তাহ থেকে অনুষ্ঠিত হবে।

(গ) নির্ধারিত সময়ে কোনো শিক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ না করলে পরবর্তী বর্ষে উত্তীর্ণ করা হবে না।

(ঘ) প্রতিটি পরীক্ষায় প্রত্যেক বিষয়ে আলাদাভাবে ৩৩% নম্বর উত্তীর্ণ মান বলে বিবেচিত হবে।

(ঙ) ষান্মাসিক পরীক্ষার প্রাপ্ত নম্বর বার্ষিক পরীক্ষার সাথে যোগ হয়ে চূড়ান্ত ফলাফল নির্ধারিত হবে।

(চ) প্রশিক্ষণ বিভাগ পরিচালনা সংক্রান্ত বিষয়ে নিয়মাবলী সংশোধন, সংযোজন ও পরিবর্তন হতে পারে।

বিশেষ দৃষ্টব্য :

১) একাডেমীতে বর্তমানে যে অবকাঠামোগত সুযোগসুবিধা রয়েছে এবং যে নীতিমালায় প্রশিক্ষণ কার্যক্রম পরিচালিত হচ্ছে তাতেই আপনি সন্তুষ্ট থাকলে আপনার সন্তানকে ভর্তি করাতে পারেন।

২) ২০১৬ সাল হতে বাংলাদেশ শিশু একাডেমী চট্টগ্রাম শাখার ভর্তি কার্যক্রম থেকে শুরু করে ফলাফল প্রকাশসহ সকল হাজিরা, নোটিশ এবং বিজ্ঞপ্তিসহ যাবতীয় কার্যক্রম অনলাইনের মাধ্যমে সম্পন্ন করা হবে। অভিভাবকগণ মোবাইল অ্যাপস এর মাধ্যমে এ সকল সুযোগ সুবিধা প্রাপ্য হবেন।

জেলা শিশু বিষয়ক কর্মকর্তা

বাংলাদেশ শিশু একাডেমি

চট্টগ্রাম।